

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৪ আষাঢ়, ১৪২৫ বঙ্গাব্দ / ২৮ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ।

এস,আর,ও, নং-২০৫-আইন/২০১৮/৮০৮-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৩ এর উপ-ধারা (৫) এর দফা (খ) তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উহার ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ০৬ জুন, ২০১৩ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ১৬৮-আইন/২০১৩/৬৭২-মূসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিল এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা S০৭৯ ও S০৯৯ এবং উহাদের বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত সেবার কোড ও এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে, নিম্নরূপ শিরনামা সংখ্যা, সেবার কোড ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“S০৭৯ S০৭৯.০০ সোশ্যাল মিডিয়া ও ভার্চুয়াল বিজনেস:

ব্যাখ্যা।- “সোশ্যাল মিডিয়া ও ভার্চুয়াল বিজনেস” অর্থ যে কোন ধরনের নিজস্ব বিক্রয় বা ব্যবসা কেন্দ্র ব্যতীত ইলেকট্রনিক নেটওয়ার্ক ব্যবহারের মাধ্যমে ইন্টারনেট বা ওয়েব বা সোশ্যাল মিডিয়া বা মোবাইল এপ্লিকেশন ভিত্তিক প্ল্যাটফর্ম বা অনুরূপ যে কোন মিডিয়া ব্যবহার করিয়া বিজ্ঞাপন, পরিবহন যোগাযোগ স্থাপন, ই-কমার্স ভিত্তিক গাড়ী, আসবাবপত্র, এয়ারকন্ডিশনার, ফ্রিজার, রেফ্রিজারেটর, টেলিভিশন, ওয়াশিং মেশিন, ক্যামেরা, হোম থিয়েটার, অলঙ্কার (স্বর্ণ বা হিরক খচিত), বিদেশি ব্র্যান্ডের পোশাক ও জুতা ইত্যাদি পণ্য বা সেবার ক্রয়-বিক্রয় বা হস্তান্তরকে বুঝাইবে; তবে, টেলিকম অপারেটরগণকে প্রদত্ত যে কোন ধরনের মোবাইল ভ্যালু এ্যাডেড সার্ভিস ইহার অন্তর্ভুক্ত হইবে না।

S০৯৯ S০৯৯.১০ তথ্য-প্রযুক্তি নির্ভর সেবা (Information Technology Enabled Services):

ব্যাখ্যা।— “তথ্য-প্রযুক্তি নির্ভর সেবা (Information Technology Enabled Services)” অর্থ Digital Content Development and Management, Animation (Both 2D and 3D), Geographic Information Services (GIS), IT Support and Software Maintenance Services, Website Hosting, Digital Data Analytics, Business Process Outsourcing, Data Entry, Data Processing, Call Centre, Digital Graphics Design and Computer Aided Design, Search Engine Optimization, Web Listing, Document Conversion, Imaging and Archiving, Overseas Medical Transcription, Cyber Security Services, E-Procurement and E-Auction.”।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(হাছান মুহম্মদ তারেক রিকাবদার)
প্রথম সচিব (মুসক নীতি)